-০১-

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ জেনারেটর বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), জেনারেটর বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৫.২৬.০০১.২৪ নথির বিষয়: Supply of spare parts such as break pad, break shoes, wiper, head light, horn, looking glass, battery terminal etc for different vehicle under generator division, DWASA
নোট: ১ নোটের বিষয়: **Supply of spare parts such as break pad, break shoes, wiper, head light, horn, looking glass, battery terminal etc for different vehicle under generator division, DWASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১২/৯/২৪ ২:৪৭ অপরাহ্ন

জেনারেটর বিভাগের আওতাধীন ৪০০ টি ডিজেল জেনারেটর ঢাকা ওয়াসার বিভিন্ন মডস জোনের পাম্পে স্থাপন করা আছে, যা অত্র বিভাগ কর্তৃক মেরামত ও রক্ষনাবেক্ষণ করা হয়ে থাকে। জরুরী প্রয়োজনে বিদ্যুৎ বিভ্রাট কালীন সময়ে পানি সরবরাহ সচল রাখার জন্য জেনারেটরগুলো চালানো হয়। উক্ত জেনারেটরগুলি বিদ্যুৎ বিভ্রাট কালীন সময়ে পানি সরবরাহ সচল রাখার জন্য রাতদিন বিভিন্ন অভিযোগ গ্রহন এবং তৎক্ষনাৎ সেই অভিযোগগুলো দ্রুত সময়ে সম্পন্ন করার জোর প্রয়াস চালানো হয়। আর এই কাজে অত্যন্ত গুরুত্বপুর্ণ হচ্ছে যানবাহন। অত্র বিভাগে নির্বাহী প্রকৌশলীর ব্যবহৃত গাড়িসহ সর্বমোট ০৩ (তিন)টি গাড়ী রয়েছে। ঢাকা শহরের বিভিন্ন এলাকায় বৈদ্যুতিক লোডশেডিং এর কারনে ঢাকা ওয়াসার বিভিন্ন মডস জোন হতে আগত অভিযোগগুলো দ্রুত নিষ্পন্ন করার লক্ষ্যে এসব যানবাহন দ্বারা জরুরী ভিত্তিতে জেনারেটর মেরামত, রক্ষণাবেক্ষন, স্থানান্তর, মালামাল পরিবহন, সাইট পরিদর্শনসহ সকল ধরনের কাজে প্রতিনিয়ত গাড়িগুলো ব্যবহৃত হচ্ছে। বর্তমানে কাজের চাহিদা বেশী থাকায় সবসময় গাড়ীগুলোর সমস্যা সমাধান নিশ্চিত করে কার্য উপযোগী রাখার চেষ্টা করা হয়। প্রতি তিন মাস পরপর অধিক সমস্যার প্রেক্ষিতে গাড়ীগুলোর রুটিন মেরামত ও সার্ভিসিং করা হয়। উক্ত কাজের সময় বিভিন্ন স্পেয়ার পার্টস যেমনঃ- গাড়ির সামনের ব্রেক প্যাড, ব্রেক স্যু, হর্ন, ক্লাচ প্লেট, প্রেসার প্লেট, বিভিন্ন ধরনের বিয়ারিং, হেড লাইট, লুকিং গ্লাস ইত্যাদি পরিবর্তন ছাড়াও গাড়ীর প্রয়োজনে বিভিন্ন সময় বিভিন্ন কাজ করতে হয়। কিন্তু উল্লেখিত স্পেয়ার পার্টস সমুহ সবসময় সবখানে পাওয়া যায়না, বিধায় প্রত্যেক বার গাড়ী মেরামতের সময় অনেক রকম প্রতিবন্ধকতা তৈরী হয়। এই কারনে উল্লেখিত স্পেয়ার পার্টস সমুহ সরবরাহ নিয়ে বিভাগীয় ভান্ডারে মজুদ করা হলে অতি দ্রুত সময়ে গাড়িগুলি সচল করা সম্ভব হবে। উল্লেখ্য যে জেনারেটর বিভাগে প্রয়োজনের তুলনায় গাড়ি সংকুলান না থাকার কারনে গাড়ীগুলো সবসময় সচল রাখা খুবই গুরুত্বপুর্ণ। জেনারেটরগুলোর সুষ্ঠু মেরামত ও রক্ষণাবেক্ষন কাজের স্বার্থে গাড়ির উক্ত স্পেয়ার পার্টসগুলি জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন। উক্ত মালামালগুলি সংগ্রহের লক্ষ্যে বর্তমান বাজার হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। উক্ত কোটেশন এ সর্বনিম্ন দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে= ২,৯৮,৯০০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত টাকা মাত্র)। আলোচ্য কাজটি জেনারেটর বিভাগের ২০২৪-২০২৫ইং অর্থবৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Vehicle Maintenance খাত এর ক্রমিক নং-১৬.০২ (প্যাকেজ নং-TM-2) এ OTM (e-GP) তে অর্ন্তভূক্ত করা আছে। **উল্লেখ্য উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

সংযুক্তিসমূহ (৩):

১। জেনারেটর বিভাগের ২০২৪-২০২৫ইং অর্থবৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। বর্তমান বাজার দরের কোটেশন এর কপি।.
৩। আলোচ্য কাজের একটি প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১২/৯/২৪ ২:৪৮ অপরাহ্ণ

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১ বিধি অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM (e-GP) তে এ দরপত্র আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১২/৯/২৪ ২:৪৯ অপরাহ্ণ

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of spare parts such as break pad, break shoes, wiper, head light, horn, looking glass, battery terminal etc for different vehicle under generator division, DWASA কাজে উপস্থাপিত= ২,৯৮,৯০০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM (e-GP) তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **উল্লেখ্য উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

১২/৯/২৪ ২:৫১ অপরাহ্ণ মোঃ আনিসুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী জেনারেটর বিভাগ	১২/৯/২৪ ২:৫৬ অপরাহ্ণ রুবিনা সুলতানা উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) জেনারেটর বিভাগ	১২/৯/২৪ ৪:০৭ অপরাহ্ণ মেহনাজ মুশফিকা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) জেনারেটর বিভাগ	~~১২/৯/২৪ ৪:০৭ অপরাহ্ণ মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:২৪ অপরাহ্ণ

মতামত প্রদানের অনুরোধ করা হল।

১৫/৯/২৪ ৫:৪৩ অপরাহ্ণ মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	১৭/৯/২৪ ৩:১৫ অপরাহ্ণ সাঈদ শাহ্‌রিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	~~১৭/৯/২৪ ৩:১৫ অপরাহ্ণ শেখ শফিকুল ইসলাম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৯/৯/২৪ ২:২৪ অপরাহ্ণ

আইটেমগুলির প্রয়োজনীয়তা ও বর্তমান বাজারদর যাচাই-বাচাই সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহন করা যেতে পারে।

১৯/৯/২৪ ২:৩১ অপরাহ্ণ শেখ শফিকুল ইসলাম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	~~১৯/৯/২৪ ২:৩১ অপরাহ্ণ মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট পুল~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩০/৯/২৪ ৯:৫২ পূর্বাহ্ণ

ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ নং ১.০ এর প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হইল। বর্তমান বাজার দরের সাথে প্রাক্কলনটির সামঞ্জ্যতা রয়েছে। যাতে টাকার পরিমান সর্বমোট =২,৯৮,৯০০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত টাকা মাত্র) টাকা মাত্র। যাহা সদয় অনুমোদনের নিমিত্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশ করা হইল। উল্লেখ্য, মালামাল সরবরাহের পর Post Inspection পূর্বক বিল পরিশোধ করা যেতে পারে।

৩/১০/২৪ ৬:১৫ অপরাহ্ন মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট পুল	৭/১০/২৪ ২:৩০ পূর্বাহ্ন সাঈদ শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	~~৭/১০/২৪ ১২:৫২ অপরাহ্ন~~ ~~শেখ শফিকুল ইসলাম~~ ~~সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ~~

সংযুক্তিসমূহ (১):

১। সুপারিশকৃত প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৭/১০/২৪ ১২:৫৭ অপরাহ্ন

নথিখানা পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা যেতে পারে।

৭/১০/২৪ ১২:৫৭ অপরাহ্ন শেখ শফিকুল ইসলাম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	~~৭/১০/২৪ ১২:৫৭ অপরাহ্ন~~ ~~সাঈদ শাহরিয়ার হোসাইনী~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ~~

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১৪/১০/২৪ ৪:০২ অপরাহ্ন

অনুচ্ছেদ নং ১.০ এর প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হইল। বর্তমান বাজার দরের সাথে প্রাক্কলনটির সামঞ্জ্যতা রয়েছে। যাতে টাকার পরিমান সর্বমোট =২,৯৮,৯০০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত টাকা মাত্র) টাকা মাত্র। যাহা সদয় অনুমোদনের নিমিত্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশ করা হইল। উল্লেখ্য, মালামাল সরবরাহের পর Post Inspection পূর্বক বিল পরিশোধ করা যেতে পারে।

১৪/১০/২৪ ৪:০২ অপরাহ্ন সাঈদ শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	১৪/১০/২৪ ৬:১৫ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	~~১৪/১০/২৪ ৬:১৫ অপরাহ্ন~~ ~~মেহনাজ মুশফিকা~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~জেনারেটর বিভাগ~~

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ১৫/১০/২৪ ১১:২৮ পূর্বাহ্ন

অনুচ্ছেদ নং ১.৭ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে বর্তমান বাজার দরের সাথে সামঞ্জ্যতা রয়েছে মর্মে প্রাক্কলনটি অনুমোদনের সুপারিশ করেছেন। যাতে টাকার পরিমান সর্বমোট = ২,৯৮,৯০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত) টাকা মাত্র ।

অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ১৫/১০/২৪ ১১:২৯ পূর্বাহ্ন

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of spare parts such as brake pad, brake shoes, wiper, head light, horn, looking glass, battery terminal etc for different vehicle under generator division, DWASA কাজে মোট = ২,৯৮,৯০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত টাকা মাত্র) টাকার প্রাক্কলটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন সহ উন্মুক্ত দরপত্র OTM (e-Gp) পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৫/১০/২৪ ১১:৪৪ পূর্বাহ্ন মেহনাজ মুশফিকা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) জেনারেটর বিভাগ	~~১৫/১০/২৪ ১১:৪৪ পূর্বাহ্ন~~ ~~মোঃ আঃ লতিফ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~আর পি ই এন্ড এম সার্কেল~~

অনুচ্ছেদ ১.১০ - তারিখঃ ১৫/১০/২৪ ১:৪১ অপরাহ্ন

অনুমোদিত।

১৫/১০/২৪ ১:৪২ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	~~১৫/১০/২৪ ১:৪২ অপরাহ্ন~~ ~~মেহনাজ মুশফিকা~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~জেনারেটর বিভাগ~~

অনুচ্ছেদ ১.১১ - তারিখঃ ১৬/১০/২৪ ১২:৪৯ অপরাহ্ন

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

১৬/১০/২৪ ১২:৪৯ অপরাহ্ন মেহনাজ মুশফিকা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) জেনারেটর বিভাগ	২০/১০/২৪ ৯:৫৫ পূর্বাহ্ন রুবিনা সুলতানা উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) জেনারেটর বিভাগ	২৩/১০/২৪ ৪:৪৫ অপরাহ্ন মোঃ আনিসুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী জেনারেটর বিভাগ